গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০৬.০১৬.১৭/৪৪৯ তারিখঃ ০৮ অক্টোবর ২০১৭

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০২ অক্টোম্বর ২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ১৯ অক্টোম্বর ২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃবর্ণনামতে।

০৮.১০.২০১৭
(এস. এম. শফিকুল ইসলাম)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। ব্যবস্থাপনা পরিচালক, NESCO, বিদ্যুৎ ভবন, হেমতখা, রাজশাহী।
২২। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

২০১৭-১৮ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২ অক্টোবর ২০১৭ তারিখ অপরাহ্ণ ৩.০০ টায় বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে এডিপি'র মূল অংশে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থায় ৮৪টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৭-১৮ অর্থবছরের এডিপি-তে মোট ২১৭৪৯.২৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ১৬টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এজন্য বরাদ্দ রয়েছে মোট ১১৩৬.১৫ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৭-১৮ অর্থবছরের সর্বমোট এডিপি বরাদ্দ ২২৮৮৫.৪২ কোটি [জিওবি ৯৫০০.০০ কোটি ও প্রকল্প সাহায্য ১২২৪৯.২৭ কোটি (২৬০০ কোটি টাকা ইসিএ অর্থায়নসহ) এবং নিজস্ব অর্থায়ন ১১৩৬.১৫ কোটি] টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতীত) বিপরীতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৬০০৫.২৩ কোটি (জিওবি ১০৬১.৫৯ কোটি ও প্রকল্প সাহায্য ৪৯৪৩.৬৪ কোটি) টাকা যা মোট এডিপি বরাদ্দের ২৭.৬২%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১৬টি প্রকল্পের জন্য চলতি অর্থবছরে ১১৩৬.১৫ কোটি টাকা বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর ২০১৭ মাসে ব্যয় হয়েছে ৪৬১.১১ কোটি টাকা (৪০.৫৯%)। সব মিলিয়ে ১০০টি প্রকল্পের জন্য মোট এডিপি বরাদ্দের পরিমাণ ২২৮৮৫.৪২ কোটি টাকার বিপরীতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ৬৪৬৬.৩৪ কোটি টাকা (২৮.২৭%) যা লক্ষ্যমাত্রা ২৫% এর চেয়ে ৩.২৭% বেশি। গত ২০১৬-১৭ অর্থবছরের একই সময়ে আর্থিক অগ্রগতি ছিল ১০.৪২%।

২.২। সভায় জানানো হয় যে, চলমান মূল এডিপিভুক্ত ১০০টি প্রকল্পের মধ্যে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত আর্থিক অগ্রগতি হয়েছে ৫৯টি প্রকল্পের এবং শূণ্য অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ৪১টি। শূণ্য অগ্রগতিসম্পন্ন কোম্পানি-২টি (এপিএলসিএল এবং আরপিসিএল)। অগ্রগতিসম্পন্ন বিভাগ/সংস্থা/কোম্পানি-১২টি (বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, বাপবিবো, পিজিসিবি, ডিপিডিসি, ডেসকো, ইজিসিবি, নওপাজেকো, পাওয়ার সেল, সিপিজিসিএল, ওজোপাডিকো এবং স্রেডা)। ১৫% এর অধিক অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা-৮টি। সর্বোচ্চ অগ্রগতিসম্পন্ন কোম্পানি সিপিজিসিএল (৮১.৭৫%) এবং দ্বিতীয় সর্বোচ্চ অগ্রগতিসম্পন্ন কোম্পানি নওপাজেকো (৪২.৪৭%)।

২.৩। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক প্রি-পেমেন্ট মিটার স্থাপন সম্পর্কিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে শ্লথ অগ্রগতিতে অসন্তোষ প্রকাশ করেন এবং প্রি-পেমেন্ট মিটার স্থাপনের বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির প্রধান নিবার্হীগণকে নির্দেশনা প্রদান করেন। তিনি প্রি-পেমেন্ট মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের জন্য একটি সভা আহবানের জন্যও নির্দেশনা প্রদান করেন।

২.৪। সভায় ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান বলেন যে, ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের মধ্যে যেসব প্রকল্পের কাজ জুন ২০১৮ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে না সেসব প্রকল্পের বরাদ্দকৃত অতিরিক্ত অর্থ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমর্পণের জন্য বিদ্যুৎ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। সভাপতি শূণ্য অগ্রগতিসম্পন্ন ৪১টি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নিবিড় পরিবীক্ষণ এবং যেসব প্রকল্প ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্ত হবে সেসব প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন । যেসব প্রকল্পের অর্থ এখনো অবমুক্ত হয়নি সেসব প্রকল্পের দ্রুত অর্থ অবমুক্তির ব্যবস্থা গ্রহণের জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা-২

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	যেসব প্রকল্পের অর্থ এখনো অবমুক্ত হয়নি সেসব প্রকল্পের দ্রুত অর্থ অবমুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উন্নয়ন উইং বিদ্যুৎ বিভাগ
৩.২	শূণ্য অগ্রগতিসম্পন্ন ৪১টি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানি প্রধান নির্বাহীগণ নিবিড় পরিবীক্ষণ করবেন।	সকল সংস্থা/কোম্পানি
৩.৩	বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক প্রি-পেমেন্ট মিটার স্থাপন সম্পর্কিত প্রকল্প/কর্মসূচি দ্রুত বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি
৩.৪	বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিরসমূহ কর্তৃক প্রি-পেমেন্ট মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের জন্য একটি সভা আহবান করতে হবে।	পরিকল্পনা উইং বিদ্যুৎ বিভাগ
৩.৫	২০১৭-১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের মধ্যে যেসব প্রকল্পের কাজ জুন ২০১৮ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে না সেসব প্রকল্পের বরাদ্দকৃত অতিরিক্ত অর্থ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমর্পণের জন্য বিদ্যুৎ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।	সকল সংস্থা/কোম্পানি
৩.৬	যেসব প্রকল্প ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্ত হবে সেসব প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে।	পরিকল্পনা উইং বিদ্যুৎ বিভাগ
৩.৭	বাবিউবো কর্তৃক বাস্তবায়নাধীন "সোলার স্ট্রীট লাইটিং প্রোগ্রাম ইন সিটি করপোরেশনস" প্রকল্পের বিষয়ে অতিরিক্ত সচিব (পরিঃ) কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী কার্যক্রমের বিষয়ে একটি সভা আহবান করতে হবে।	পরিকল্পনা উইং বিদ্যুৎ বিভাগ

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪।১০।১৭

(ড. আহমদ কায়কাউস)
সচিব